

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৩৩

তারিখঃ ০২/০৭/২০১৮খ্রিঃ  
সময়ঃ দুপুর ২.০০ মিনিট।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্রবন্দরসমূহের জন্য সংকেতঃ সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

০৩-০৭-২০১৮ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

ফরিদপুর, মাদারিপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি. মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৬	৩২.৪	৩২.৮	৩১.৫	৩৪.৪	৩৩.০	৩৫.৬	৩২.২
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৫.৪	২৪.৪	২৪.৫	২৫.২	২৫.০	২৪.৩	২৪.৫

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা যশোর ৩৫.৬° এবং সর্বনিম্ন কুমারখালী ২৪.৩° সেঃ।

এক নজরে নদনদীর পরিস্থিতি-

- সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৭২ ঘন্টা অব্যাহত থাকতে পারে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ২৪ ঘন্টা অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ ও ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল এবং আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চলসহ তৎসংলগ্ন ভারতীয় অংশে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা, দুধকুমার, ঘাঘট নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ হতে ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা ও কুশিয়ারা এবং দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ী অববাহিকার মুহুরী, হালদা, সাজু, মাতামুহুরী নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০৩
বৃদ্ধি	৭১	তথ্য পাওয়া যায় নাই	০
হাস	১৯	বিপদসীমার উপরে	০৪

অদ্য নিম্নবর্ণিত ৪ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হাস(-) (সে.মি.)	বিপদসীমার উপরে (সে.মি.)
সিলেট	কানাইঘাট	সুরমা	+৫	+৫৬
সুনামগঞ্জ	সুনামগঞ্জ	সুরমা	+২৯	+৪৮
সিলেট	শেরপুর-সিলেট	কুশিয়ারা	-৩	+২
সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	+১	+৪৩

৩/৭/১৮

